

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৪.১৬. ৪৮২

তারিখ:

১১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ  
২৬ আগস্ট ২০২১ খ্রি.

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব তাহমিনা সুলতানা (৭৫৪২), সহকারি অধ্যাপক (অর্থনীতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত- মোহাম্মদপুর সরকারি কলেজ, ঢাকা এর বিরুদ্ধে অননুমোদিতভাবে অনুপস্থিতির জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন”এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তাঁর উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব সন্তোষজনক না হওয়ায় বিধি অনুযায়ী তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলে নোটিশের জবাবে তিনি অসুস্থতাজনিত শারীরিক অক্ষমতার বিষয়গুলো তুলে ধরে তাঁর পক্ষে চাকরি করা সম্ভব নয় বিধায় চাকরি থেকে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ করেন;

যেহেতু, জনাব তাহমিনা সুলতানা এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয় এবং তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপ পূর্বক একই বিধিমালার ৪(৩)(১)(গ) অনুযায়ী “চাকরি হতে অপসারণ (Removal from Service)” করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনও একমত প্রকাশ করে;

সেহেতু, জনাব তাহমিনা সুলতানা (৭৫৪২), সহকারি অধ্যাপক (অর্থনীতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত- মোহাম্মদপুর সরকারি কলেজ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপ পূর্বক একই বিধি মালার ৪(৩)(১)(গ) অনুযায়ী “চাকরি হতে অপসারণ (Removal from Service)” করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
স্বাক্ষরিত/-  
তারিখ: ২৫/০৮/২০২১  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব


স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৪.১৬. ৪৮২/২১০)

তারিখ:

১১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ  
২৬ আগস্ট ২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব তাহমিনা সুলতানা এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অধ্যক্ষ.....।
- ✓ ৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....।
১০. জনাব তাহমিনা সুলতানা (৭৫৪২), সহকারি অধ্যাপক (অর্থনীতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত- মোহাম্মদপুর সরকারি কলেজ, ঢাকা।

  
২৬/০৮/২০২১  
(জাকিয়া খানম)  
যুগ্মসচিব  
ফোন: ৯৫৫৩২৭৬